গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
কর্মসম্পাদন ও কৌশল শাখা
www.ictd.gov.bd

**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার ১ম কোয়ার্টারের (জুলাই ২০২৩-সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত) অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ১ম সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ সামসুল আরেফিন<br>সচিব |
| সভার তারিখ | ৩১ আগস্ট ২০২৩ খ্রি. |
| সভার সময় | বেলা ১০:০০ টা |
| স্থান | সম্মেলনকক্ষ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতি মহোদয় সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশলের বিকল্প ফোকাল পয়েন্ট (উপসবচিব, কর্মসম্পাদন ও কৌশল শাখা)-কে অনুরোধ করেন। বিকল্প ফোকাল পয়েন্ট সভায় আলোচ্যসূচির বিষয়বস্তু উপস্থাপন করেন। সভায় এ বিভাগ হতে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস), সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার), তথ্য অধিকার (আরটিআই) সংক্রান্ত গৃহীত কার্যক্রমসমূহের বিষয়ে উপস্থিত সকলকে অবহিত করেন ও অংশীজনদের নিকট হতে সেবার মানন্নোয়নে মতামত প্রদানের লক্ষ্যে মুক্ত আলোচনা করা হয়। উপস্থাপিত আলোচ্যসূচি অনুযায়ী সভায় নিম্নোক্ত আলোচনা হয়:

**(ক) পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**

| ক্রমিক নং | সিদ্ধান্ত | অগ্রগতি | বাস্তবায়নের হার |
|---|---|---|---|
| ১. | এ বিভাগ হতে প্রদানকৃত শেখ রাসেল ডিজিটাল ল্যাবে নির্ধারিত ১৭টি কম্পিউটারের পরিবর্তে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের চাহিদার ভিত্তিতে কম্পিউটারের সংখ্যা বৃদ্ধি করা যায় কিনা সে বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কে পত্র প্রেরণ করা যেতে পারে। | পত্র প্রেরণ করা হয়েছে। | ১০০% |
| ২. | আউটসোর্সিং প্রশিক্ষণার্থীদের ঝড়ে পড়া রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পত্র প্রেরণ করা হয়েছে | ১০০% |
| ৩. | কম্পিউটারে স্বল্পজ্ঞান সম্পন্ন প্রশিক্ষণার্থীদের আলাদাভাবে বাছাই করে প্রাথমিক প্রশিক্ষণের ব্যবস্থা করা যায় কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পত্র প্রেরণ করা হয়েছে | ১০০% |
| ৪. | শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রতিষ্ঠানের শিক্ষার্থী ব্যতীত অন্যান্য সকলের ব্যবহারের সুবিধা প্রদান করা যায় কিনা সে বিষয়ে বিবেচনা করতে হবে। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | ১০০% |

**(খ) সভার আলোচনা:** সভায় আগত স্টেকহোল্ডারদের সাথে বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়। আলোচনান্তে স্টেকহোল্ডারগণ নিম্নবর্ণিত আলোচনা ও মতামত প্রদান করেন:

| ক্রমিক নং | স্টেকহোল্ডারের নাম | মতামত | সভার সিদ্ধান্ত |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ০১. | তাসফিয়া তাসবিনু<br>চেয়ারম্যান<br>মার্কেটিয়ার এআই লিমিটেড | আইডিয়া প্রজেক্টের স্টার্ট-আপ নারী প্রশিক্ষাণার্থীদের নামাজের রুমের স্পেস বাড়ানো এবং নারী ওয়াসরুম আরো উন্নত করার জন্য মতামত প্রদান করেন।<br><br>তাছাড়া সংশ্লিষ্ট কাজ অনুযায়ী স্টার্ট-আপদের সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সাথে সংযুক্ত করে দেয়ার বিষয়েও মতামত প্রদান করেন। | উক্ত বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-কে অবহিত করতে হবে। |
| ০২. | মোহাম্মদ আসিফ ইকবাল<br>সিইও<br>গ্রিড টেকনোলজি লিমিটেড | আইডিয়া প্রজেক্টের ল্যাবে স্টার্ট-আপদের জন্য সকল অফিস সরঞ্জামের বিষয়ে সন্তোষ প্রকার করেন। তবে উক্ত ল্যাবে গবেষণার ক্ষেত্রে 3D printer সংযুক্ত করার বিষয়ে মতামত প্রদান করেন। | উক্ত বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-কে অবহিত করতে হবে। |
| | | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শেখ রাসেল ডিজাটাল ল্যাবের ল্যাপটপ/ডেক্সটপ সংকট নিরসনে মতামত প্রদান করেন। তাদের কোম্পানি কর্তৃক একটি প্রযুক্তির মাধ্যমে একটা সিপিইউ হতে মনিটরের মাধ্যমে ১২ জনকে সেবা প্রদান করা যায় । সে প্রেক্ষিতে একটি ল্যাবের জন্য বরাদ্দকৃত ১৭টি কম্পিউটার হতে ২০৪ জনকে সেবা প্রদান করা যাবে। উক্ত কোম্পানি হতে এ প্রযুক্তি হস্তান্তর করে শেখ রাসেল ডিজিটাল ল্যাবের কম্পিউটার (ল্যপটপ/ডেস্কটপ) সংকট নিরসনে বিবেচনা করার জন্য প্রস্তাব পেশ করেন। | সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরকে (ডিওআইসিটি)-কে অবহিত করতে হবে। |
| ০৩. | মো: জসিম উদ্দিন<br>শারীরিক প্রতিবন্ধী<br>ডিজিটাল মার্কেটিং প্রশিক্ষণার্থী | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে আওতাধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক শারীরিক প্রতিবন্ধীদের ০৫ (পাঁচ) দিনব্যাপী ডিজিটাল মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করায় সন্তোষ প্রকাশ করেন।<br>তিনি আরও জানান উক্ত প্রশিক্ষণ গ্রহণের পর তাঁর বিভিন্ন বিষয়ে ডিজিটাল মার্কেটিং এর ওপর কাজ করে অর্থ উপার্জন করতে পারছে। তবে এই প্রশিক্ষণের মেয়াদ ০৫ দিনের পরিবর্তে সময় বৃদ্ধি করার বিষয়ে বিবেচনা করার জন্য মতামত প্রদান করেন। | প্রশিক্ষণের মেয়াদ বৃদ্ধির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-কে অবহিত করতে হবে। |
| ০৪. | মো: মোকলেছুর রহমান<br>দৃষ্টি প্রতিবন্ধী<br>ডিজিটাল মার্কেটিং প্রশিক্ষণার্থী | প্রতিবন্ধী ব্যক্তিদের প্রশিক্ষণার্থীদের কোর্স কারিকুলাম আরো এডভ্যান্স লেভেলের করার ও প্রশিক্ষণ কারিকুলাম বাড়ানোর বিষয়ে মতামত প্রদান করেন।<br><br>এ বিভাগের আইডিয়া প্রজেক্টে প্রতিবন্ধী স্টার্ট-আপদের জন্য আলাদা স্পেস প্রদানের বিষয়ে মতামত প্রদান করেন।<br><br>স্টার্ট-আপদের মাধ্যমে বিজনেস কনটেন্ট কিভাবে করা যায় সে বিষয়ে আরও গবেষণার ব্যবস্থা করার জন্য মতামত প্রদান করেন।<br><br>প্রতিবন্ধী প্রশিক্ষণার্থীদের জন্য প্রতিবন্ধী প্রশিক্ষকের মাধ্যমে প্রশিক্ষণ দেয়ার ব্যবস্থা করার জন্য মতামত প্রদান করেন। | উক্ত বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-কে অবহিত করতে হবে। |
| ০৫. | মারুফ আহদেম তমাল<br>স্নাতকোত্তর/২০২২<br>ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ হতে ফেলোশিপ ও বৃত্তিপ্রাপ্তির সকল বিষয়ে সন্তোষ প্রকাশ করেন। তবে গবেষণা কাজে আরও বেশি মনোযোগ দেয়ার জন্য ফেলোশিপের অর্থ আরো দ্রুত বিতরণ করা যায় কিনা সে বিষয়ে মতামত প্রদান করেন। | উক্ত বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য গবেষণা ও ফেলোশিপ শাখাকে অবহিত করতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| ০৬. | ফারজানা নাজনীন<br>সিনিয়র ম্যানেজার<br>রিলিফ বেলিডেশন লিমিটেড | স্মার্ট বাংলাদেশ বিনিমার্ণের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির দ্রুত সম্প্রসারণ ঘটছে কিন্তু তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ইনফরমেশন সিকিউরটির বিষয়ে অনেকেই অবহিত নন এবং সচেতন নন। সে প্রেক্ষিতে ইনফরমেশন সিকিউরিটি ও সাইবার সিকিউরিটির বিষয়ে জনসাধারণকে অবহিত ও সচেতন করার জন্য প্রশিক্ষণ/সভা/সেমিনার/ ক্যাম্পেইন অথবা কার্যকরী ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে মতামত প্রদান করেন।<br><br>প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানসহ (স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয়) অন্যান্য প্রতিষ্ঠানে (সরকারি/বেসরকারি/বাণিজ্যিক) ইনফরমেশন সিকিউরিটি ও সাইবার সিকিউরিটির বিষয়ে জনসাধারণকে অবহিত ও সচেতন করার জন্য প্রশিক্ষণ/সভা/সেমিনার/ ক্যাম্পেইন অথবা কার্যকরী ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে মতামত প্রদান করেন।<br><br>প্রতিটি বিশ্ববিদ্যালয়/কলেজের পাঠ্যক্রমে ডিজিটাল স্বাক্ষর, ইনফরমেশন সিকিউরিটি ও সাইবার সিকিউরিটির বিষয় অন্তর্ভুক্ত করার জন্য মতামত প্রদান করেন। | উক্ত বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের এ সংশ্লিষ্ট আওতাধীন দপ্তর/সংস্থাকে কে অবহিত করতে হবে। |
| ০৭. | মাহবুব এলাহী চৌধুরী<br>মার্কস লিমিটেড | বাংলাদেশ হাই-টেক পার্কের আওতাধীন জনতা টাওয়ার, কাওরান বাজারে স্টেকহোল্ডারদের কর্ম-পরিবেশ উন্নয়নের জন্য মতামত প্রদান করেন। | কর্ম-পরিবেশ উন্নয়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। |

(গ) সভায় এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ আলোচনায় অংশগ্রহণ করেন এবং মতামত ব্যক্ত করেন।

(ঘ) অত:পর সভায় আর কোনো আলোচনার বিষয়বস্তু না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২-০৯-২০২৩
মোঃ সামসুল আরেফিন
সচিব
secretary@ictd.gov.bd

তারিখ: ২৮ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১২ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৫৬.০০.০০০০.০৫০.০৫.০০১.২১.৮৯

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। দপ্তর/সংস্থা প্রধান (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;

২। অতিরিক্ত সচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;

৩। যুগ্মসচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।;

৪। উপসচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;

৫। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ [এ বিভাগের সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য];

৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ডিজিটাল গভর্নেন্স ও ইমপ্লিমেন্টেশন অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;

৭। সিনিয়র মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার, ডিজিটাল সিকিউরিটি ও অপারেশন অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;

৮। সিস্টেম এনালিস্ট, ডিজিটাল গভর্নেন্স শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;

৯। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।;

১০। প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব), ডিজিটাল কো-অপারেশন শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ [ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো];

১১। সহকারী সিস্টেম এনালিস্ট, ডিজিটাল সিকিউরিটি ও স্ট্যান্ডার্ড শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;

১২। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব ও নিরীক্ষা শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
১৩। বাংলাদেশ ব্যাংক সিএ, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা;
১৪। জনাব মাহমুদ হোসাইন, ব্যবস্থাপনা পরিচালক, মিলিনিয়াম ইনফরমেশন সলিউশন লি:, ভিশন ২০২১ টাওয়ার-১ সফটওয়্যার টেকনোলজি পার্ক, কারওয়ান বাজার, ঢাকা।;;
১৫। ব্যবস্থাপনা পরিচালক, ইজি টেকনোলজি লিমিটেড, ভিশন ২০২১ টাওয়ার-১ সফটওয়্যার টেকনোলজি পার্ক, কারওয়ান বাজার, ঢাকা।;
১৬। মার্স সলিউশন লিমিটেড, ভিশন ২০২১ টাওয়ার-১ সফটওয়্যার টেকনোলজি পার্ক, কারওয়ান বাজার, ঢাকা;
১৭। ফিফোটেক, ভিশন ২০২১ টাওয়ার-১ সফটওয়্যার টেকনোলজি পার্ক, কারওয়ান বাজার, ঢাকা;;
১৮। প্রাইডসিস আইটি লিমিটেড, ভিশন ২০২১ টাওয়ার-১ সফটওয়্যার টেকনোলজি পার্ক, কারওয়ান বাজার, ঢাকা।;
১৯। দোহাটেক নিউ মিডিয়া সিএ, দোহা হাউজ, ৪৩ পুরানা পল্টন লাইন, ঢাকা ১০০০;
২০। বাংলাফোন লিমিটেড সিএ, বাড়ী# ৩, রোড ২৩/এ, গুলশান-১, ঢাকা-১২১২;
২১। রিলিফ ভ্যালিডেশন লিমিটেড সিএ, র‌্যাংস, এফসি স্কয়ার, লেভেল ৪, প্লট ৬/এ, রোড নং ৩২, গুলশান এভিনিউ, ঢাকা-১২১২;
২২। Mohammad Asif Iqbal, Grit Technologies Limited;
২৩। Tasfia Tasbin, Markopolo.ai | Marketeer AI Ltd;
২৪। Syed Manzurul Hasan, Hasan IT | Khela Hobe;
২৫। She Power Project trainee;;
২৬। Nourin Alam, She Power Project trainee;
২৭। She Power Project trainee;
২৮। She Power Project trainee;;
২৯। মোঃ জসিম উদ্দিন, শারীরিক প্রতিবন্ধী, আইসিটি প্রশিক্ষণার্থী;
৩০। মোঃ জাকির হোসেন, শারীরিক প্রতিবন্ধী, আইসিটি প্রশিক্ষণার্থী;;
৩১। মোঃ মোকলেছুর রহমান, দৃষ্টি প্রতিবন্ধী, আইসিটি প্রশিক্ষণার্থী;;
৩২। আরেফিন জাহান আশা, দৃষ্টি প্রতিবন্ধী (লো ভিশন), আইসিটি প্রশিক্ষণার্থী;;
৩৩। শরিফ দিলনেওয়াজ হোসেন, ডক্টরাল/২০১৮ আই, বি. এ ঢাকা বিশ্ববিদ্যালয়;;
৩৪। জান্নাহ মোহাম্মাদ ডক্টরাল/২০১৯ সিএসই বিভাগ ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়;;
৩৫। মারুফ আহমেদ তমাল স্নাতকোত্তর/২০২২ সিএসই বিভাগ ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি;;
৩৬। রাবেয়া খাতুন স্নাতকোত্তর/২০২২ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ জগন্নাথ বিশ্ববিদ্যালয়;;
৩৭। রাফি খন্দকার স্নাতকোত্তর/২০২২ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট);;
৩৮। নাজনীন আক্তার ঝুমা স্নাতকোত্তর/২০২২ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্;;
৩৯। Md. Sadikur Rahman Project Manager Arena Phone BD Ltd এবং
৪০। Rasel Ahmed, Assistant professor, Dept of ICT Dhaka Residential Model College।।



১৪-০৯-২০২৩
এস. এম. শফিক
উপসচিব